



ইমাম প্রশিক্ষণ একাডেমি

ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]

প্.ট:ই-৪/এ, ব্লক:সিডিকসেন্টর, সেকশন:আগারগাঁও, ঢাকা

www.islamicfoundation.gov.bd



নথি নং-১৬.০১.০০০০.০০৪.২৯.০০২.২১.৪৮৮

তারিখ- ০৪এপ্রিল/২০২১ খ্রিঃ

বিষয় : প্রশিক্ষণপ্রাপ্ত ইমাম কর্তৃক প্রতিষ্ঠিত শ্রেষ্ঠ খামার নির্বাচন প্রসংগে।

জনাব,

আসসালামু আলাইকুম ওয়ারাহমাতুল্লাহ।

ইমাম প্রশিক্ষণ একাডেমি থেকে প্রশিক্ষণ গ্রহণের পর যে সকল ইমাম স্ব-স্ব কর্মক্ষেত্রে বিভিন্ন আর্থ-সামাজিক উন্নয়ন বিষয়ক কার্যক্রম (যেমন-কৃষি, বনায়ন, প্রাণী সম্পদ পালন ও মৎস্য চাষ ইত্যাদি) গ্রহণ করেছেন, তাদের মধ্য হতে প্রতি জেলায় ০১ জন করে শ্রেষ্ঠ খামারী ইমামকে পুরস্কৃত করার জন্য ২০২০-২০২১ অর্থ বছরে বাজেটে অর্থ বরাদ্দ রয়েছে। ইতোমধ্যে জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে খামার প্রতিষ্ঠাকারী ইমামদেরকে ইসলামিক ফাউন্ডেশন বিভাগীয়/জেলা কার্যালয়ে আগামী ২৫/০৪/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে নির্ধারিত প্রতিবেদন ফরম পূরণপূর্বক জমা প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে।

২। বিদ্যমান নীতিমালা অনুযায়ী আগামী ২০/০৫/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে প্রতি জেলা থেকে প্রাথমিকভাবে ০৩ জন খামার প্রতিষ্ঠাকারী ইমামকে মনোনীত করে ৩০/০৫/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে স্ব-স্ব ইমাম প্রশিক্ষণ একাডেমি কেন্দ্রে প্রেরণ করতে হবে।

৩। জেলা কার্যালয় কর্তৃক নির্বাচিত খামারী ইমাম হতে ৭টি ইমাম প্রশিক্ষণ একাডেমি আগামী ১০/০৬/২০২১ তারিখের মধ্যে প্রতি জেলার জন্য ০১ জন করে শ্রেষ্ঠ খামার প্রতিষ্ঠাকারী ইমাম নির্বাচনপূর্বক তাদের তালিকা ও সচিত্র প্রতিবেদন স্পাইরাল বাইন্ডিং বই আকারে ১৫/০৬/২০২১ তারিখের মধ্যে ইমাম প্রশিক্ষণ একাডেমি প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৪। ২০২০-২০২১ অর্থ বছরের বাজেট বরাদ্দের অর্থ একই বছরে খরচের বিধান রয়েছে বিধায় নির্ধারিত তারিখের মধ্যে সকল বাছাই/নির্বাচন কার্যক্রম শেষ করতে হবে।

৫। বর্তমান করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর সংক্রমণ অধিক হারে বৃদ্ধি পাওয়ায় সম্পূর্ণ স্বাস্থ্যবিধি অনুসরণ করে খামারী বাছাই/ নির্বাচন করতে হবে। কোন ভাবেই গণজমায়েত করা যাবে না।

৬। প্রশিক্ষণপ্রাপ্ত ইমাম কর্তৃক প্রতিষ্ঠিত শ্রেষ্ঠ খামার বাছাই/নির্বাচন সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১। পরিচালক/উপ-পরিচালক
ইসলামিক ফাউন্ডেশন বিভাগীয়/জেলা কার্যালয়
.....।

২। উপ-পরিচালক
ইমাম প্রশিক্ষণ একাডেমি
চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/দিনাজপুর/বরিশাল/সিলেট কেন্দ্র


০৪.০৪.২১

(মোঃ আনিসুজ্জামান সিকদার)

পরিচালক

ইমাম প্রশিক্ষণ একাডেমি।

সংযুক্তি :

- ১। প্রকাশিতব্য বিজ্ঞপ্তির অনুলিপি (১ পাতা)।
- ২। শ্রেষ্ঠ খামার বাছাই নীতিমালা (৪ পাতা)।
- ৩। খামার প্রতিষ্ঠাকারী ইমামের জন্য কার্যক্রম প্রতিবেদন ছক (৪ পাতা)।
- ৪। খামার পরিদর্শনকারী কর্মকর্তার জন্য ছক (১ পাতা)।